



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইবিএ-জেইউ ভবনের নির্মাণ কাজের উদ্বোধন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ মে ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আজ ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। বেলা আড়াইটায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের দক্ষিণে এবং বিজ্ঞান কারখানার উত্তরে- মধ্যবর্তী স্থানে আইবিএ-জেইউ এর নতুন ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। এ সময় তিনি নির্মাণ কাজের সাফল্য কামনা করেন এবং নিজস্ব অর্থায়নে এ ভবন নির্মাণের কাজ শুরু করার জন্য আইবিএ-জেইউ পরিচালক অধ্যাপক ড. কে এম জাহিদুল ইসলাম ও অন্যান্য শিক্ষক-শিক্ষার্থীদের ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, সাবেক উপাচার্য এবং বর্তমান সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবির, সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. বশির আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)